O/C D.C.R.B. Purba MDP

W.B.P. Form No. [stamp: KOLAGHAT P.S. PURBA MEDINIPUR]

# FIRST INFORMATION REPORT

265

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Mid(E) Sub-Divn. Tamluk P.S. Kolaghat Year 2017 FIR NO. 215/17 Date 31/05/17
2. i) Act ......... Section ......... ii) Act ......... Sections 498A IPC
2. iii) Act ......... Section ......... iv) Other Act & Sections 4 D.P. Act
3. a) General Diary Reference : Entry No. 1527 Time 15.45 hrs
   b) Occarrence of Offence : Day Wednesday Date 31/5/17 Time Not noted
   c) Information received Date 31/05/2017 Time 15.45 hrs
   G.D. No. 1527 at the Police Station :
4. Type of Information. Written / Oral Written
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. 11 KM. North, JL-No-269
   b) Address Vill- Machinan, Anchal- Gopalnagar, P.S. Kolaghat Dist- Purba Medinipur,
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. .........
   District .........
6. Complaint /Informant :
   a) Name Mahajura Bibi
   b) Father's / Husband's Name Arbilla Mallick
   c) Date/Year of Birth .........
   d) Nationality Indian
   e) Address Vill- Machinan, P.O. Gopalnagar, P.S. Kolaghat, Dt Mid(E)
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Arbilla Mallick S/o Farid Mallick (2) Farid Mallick S/o Unknown (3) Anowara Bibi W/o Farid Mallick, (4) Parvina Khatun S/o Farid Mallick, (5) Golam Murtafa Mallick S/o Farid Mallick all of Machinan, P.O. Gopalnagar, P.S. Kolaghat Dt Mid(E) (6) Kunikum Bibi W/o Sk Saifuddin (7) Sk Saifuddin S/o SK Nasir [illegible] Sitampur, P.S. Tamluk, Dt Mid(E),
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant .........
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) .........
10. Total value of Properties stolen / involved : .........
11. Inquest report / U.D. Case No. if any : .........
12. FIR Contents : (Attach separate sheets, if required) :
    The Original Written Complaint from the complainant which is treated as FIR is attached here with.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 498A IPC & 4 D.P. Act
    SI- Kashinath Chowdhury O/C Kolaghat P.S.
    register the case and took up the investigation/directed SI- Nirapada Dolui
    ......... to take up the investigation
    transfered to P.S. ......... on point of jurisdiction FIR read over to the Complaint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Mahajura (Khatun) Bibi

Signature / Thumb impression of Complainant /Informant

DR 4851/17

[signature] 31/5/17

Signature of the Officer-in-charge, Police Station with
Name KASHINATH CHOWDHURY
Rank SI, OF KOLAGHAT P.S. O/C
Number, if any Purba Medinipur

[stamp: Officer-In-Charge Kolaghat Police Station Purba Medinipur] 31/5/17

To,

The Officer-in-charge
Kolaghat Police Station
Kolaghat, Purba Medinipur

মহাশয়,

আমি মাহাজুরা বিবি, স্বামী আরবিল্লা মল্লিক,সাং- মাছিনান, পোঃ-গোপালনগর, থানা-কোলাঘাট,জেলা- পূর্ব মেদিনীপুর স্থায়ী বাসিন্দা হইতেছি। বর্তমানে আমি হাল ঠিকানা প্রযত্নে পিতা - মাহাবুবুর রহমান সাং ও পোঃ-ডঙ্গলশা,থানা- পিংলা,জেলা- পশ্চিম মেদিনীপুর এ নিম্নোক্ত অভিযুক্তব্যক্তিগনের দ্বারা শারীরিক ও মানষিক ভাবে নির্য্যাতিতা অবস্থায় অসহায় দিনযাপন করিতেছি।

আমার বিনীত নিবেদন এই যে,-আমার সহিত ১নং অভিযুক্ত ব্যক্তির গত ইং ১৩.০৩.১৬ তারিখে আমার পিত্রালয়ে মুসলিম শাস্ত্রানুসারে বিধি সম্মত ভাবে ও কাজিয়ানের মাধ্যমে বিবাহ হয়। উক্ত বিবাহে অভিযুক্ত ব্যক্তিগনের দাবী স্বরূপ যৌতুক হিসাবে ১নং অভিযুক্ত ব্যক্তিকে হাতে সোনার আংটি, সাইকেল, হাত ঘড়ি, নগদ ১,৭৫,০০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা,অধিনাকে সোনার গহনাদি ৫০ গ্রাম, খাট-পালঙ্ক, সহ অন্যান্য আসবাবপত্রাদি, এছাড়া অন্যান্য দানসামগ্রী প্রদান করিয়াছিলেন, অধিনার পিত্রালয় হইতে। উক্ত বিবাহ বন্ধন এখনও অক্ষুন্ন ও অটুট রহিয়াছে। উক্ত বিবাহে ৫০০১ টাকা দেন মোহর ধার্য্য হইয়াছিল।

আধিনা বিবাহের পরে ১নং অভিযুক্ত ব্যক্তিকে লইয়া অন্যান্য অভিযুক্ত ব্যক্তির সহিত একই পরিবারে স্বামী-স্ত্রী রূপে সুখে সংসার করিতে ছিলাম। একমাস যাওয়ার পর অভিযুক্ত ব্যক্তিগনেরা সম্বলিত ভাবে যোগ-সাজস করিয়া প্রকাশ করিত অধিনাকে দেখতে কালো, কুৎসিৎ,অসৎ,চরিত্রহীন,বেঁটে,বাজে মেয়ে পোড়া মুখী, বিবাহের সময় যৌতুক স্বরূপ জিনিসপত্রাদি নিম্ন মানের,এমনকি যৌতুক পর্য্যাপ্ত মানের দেয় নি। বাপের বাড়ী তুলিয়া নোংরা ভাষায় গালিগালাজ করিত। খেতে পরতে দিত না, অসুখে বিসুখে চিকিৎসা করাইত না, চুলের মুঠি ধরিয়া মারধর করিত। যখন তখন ঝি এর [redacted] কাজ করাইত। ১নং অভিযুক্ত ব্যক্তি অন্যান্য দের প্ররোচনায় অধিনার সহিত সহবাস করিত না। কারনে প্রকাশ করিত বাড়ীর লোকজনদের চাপে বিবাহ করিয়াছি। ২নং অভিযুক্ত ব্যক্তি অসৎ মহিলার সহিত অবৈধ সম্পর্কে লিপ্ত রহিয়াছে। তাহাকে পুনরায় বিবাহ করিবে। অধিনাকে বিবাহ বিচ্ছেদ করিবে। ১নং অভিযুক্ত ব্যক্তি প্রত্যহ মদ্যপ অবস্থায় রাত্রিতে মারধর করিত এবং অধিনাকে বাপের বাড়ী চলিয়া যাওয়ার জন্য চাপ সৃষ্টি করিত।

জোরপূর্ব্বক অভিযুক্তগনেরা অধিনার খাওয়াতে বিষ মিশাইয়া অধিনাকে গলায় দড়ি দিয়ে নদীতে জলে ডুবে আত্মহত্যা করিবার জন্য চাপসৃষ্টি করিত। কেরোসিন তেল ঢেলে মরার জন্য আত্মহত্যা করিতে প্ররোচিত করিত। ১নং অভিযুক্ত ব্যক্তি ব্যবসা করার জন্য ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পিত্রালয় হইতে আনিবার জন্য অধিনাকে চাপ সৃষ্টি করিত। অধিনা রাজী না হওয়ায় অভিযুক্ত বক্তিগনেরা একযোগে সম্বলিত ভাবে শারীরিক ও মানষিক

নির্য্যাতন করিত। অধিনা দেখতে কালো, বেঁটে অন্যত্র বিবাহ করিলে বেশি যৌতুক পাইত। এমনকি অধিনাকে নোংরা কাজের জন্য প্ররোচিত করিত সমূহ অভিযুক্ত ব্যক্তিগনেরা।

সর্ব্ব শেষ গত ইং০১.০৩.২০১৭ তারিখে ব্যবসা করার জন্য অতিরিক্ত যৌতুক স্বরূপ ১,০০,০০০( এক লক্ষ) টাকা পিত্রালয় হইতে আনিয়া দিতে না পারার জন্য অধিনার সমূহ স্ত্রীধন কাড়াইয়া লইয়া শারীরিক ও মানষিক ভাবে নির্য্যাতন করিয়া সমূহ অভিযুক্ত ব্যক্তিগন সম্মিলিত ভাবে অধিনাকে একবস্ত্রে তাড়াইয়া দিয়াছে। অধিনা বাধ্য হইয়া গরীব পিতার নিকট অসহায় অবস্থায় দিনযপন করিতেছে। বারংবার মীমাংসায় বিফল হওয়ায় এবং অধিনা অসুস্থ থাকার জন্য অত্র নালিশে বিলম্ব হইল।

অপরাপর বিবরন পুলিশী তদন্ত কালে প্রকাশ পাইবে।

অতএব মহাশয় প্রার্থনা যে, অত্র নালিশী দরখাস্তটি F.I.R. গন্যে গ্রহন করতঃ নিম্নোক্ত অভিযুক্ত ব্যক্তিগনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিবার আদেশ দানে আজ্ঞা হয়।

নিবেদন ইতি

Mahajura Khatun

**অভিযুক্তগনের নাম ও ঠিকানা**

১। আরবিল্লা মল্লিক (স্বামী) পিতা- ফরিদ মল্লিক
২। ফরিদ মল্লিক (শ্বশুর), পিতা- আজনা
৩। আনোয়ারা বিবি (শাশুড়ী), স্বামী-ফরিদ মল্লিক
৪। পারভিনা খাতুন (ননদ) পিতা- ফরিদ মল্লিক
৫। গোলাম মুস্তাফা মল্লিক (ভাসুর) পিতা- ফরিদ মল্লিক
সর্ব্ব সাং- মাছিনান, পোঃ- গোপালনগর
থানা- কোলাঘাট, জেলা- পূর্ব মেদিনীপুর
৬। কুমকুম বিবি (ননদ) স্বামী- সেক সাইফুদ্দিন
৭। সেক সাইফুদ্দিন (নন্দাই) পিতা- সেক নরুল হক
সাং- শ্রীরামপুর, থানা- তমলুক
জেলা- পূর্ব মেদিনীপুর

**সাক্ষীগনের নাম ঠিকানা**

১। আবুল বাসর,পিতা- মাহবুবুর রহমান
২। সেক আব্দুল কওসর, পিতা- মাহবুবুর রহমান
সর্ব্ব সাং-ডঙ্গলাল, থানা- পিংলা
জেলা-পশ্চিম মেদিনীপুর।
৩। সেক জয়নাল আবেদিন, পিতা- সেক আব্দুল কালাম
সাং- আমড়া গোয়াল, থানা- পাঁশকুড়া,
জেলা- পূর্ব মেদিনীপুর।
ও আরো অনেকে।